



কালের কণ্ঠ

www.kalorkantho.com

দৈনিক কালের কণ্ঠ, ০১-১০-২০২২, পৃষ্ঠা- ০৫



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে নবীনবরণ

রাজধানীর আফতাবনগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে গত বৃহস্পতিবার নতুন একাডেমিক ভবন উদ্বোধন করা হয়েছে। এ ছাড়া শীতকালীন সেমিস্টারের প্রায় এক হাজার ৪০০ নবীন শিক্ষার্থীকে বরণ করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর অধ্যাপক মোহাম্মদ ফরাসউদ্দিন। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম এম শহিদুল হাসান। এতে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক মুহাম্মাদ জিয়াউল হক মামুন। সংবাদ বিজ্ঞপ্তি